

152

**লালবাগ ৫
প্রাইমারী
স্কুল**

অমরা লালবাগ থানাধীন ২৪ নং ওয়ার্ডের বাসিন্দা। এখানকার ঐতিহাসিক শাহী মসজিদের সীমান্তে যে বিদ্যালয়টি অবস্থিত তার নাম লালবাগ ১ নং সরকারী প্রাইমারী বিদ্যালয়। এটি প্রতিষ্ঠিত হয় ১৯১০ সনে। বিদ্যালয়ে প্রায় ৭/৮ শত ছেলে-মেয়ে পড়াশোনা করে। এটি একটি সরকারী বিদ্যালয় হলেও সরকারী কোন নিয়ম মানা হয় না। সরকারের এরূপ নিয়ম রয়েছে যে কোন সরকারী বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে কোন টাকাপয়সা বা বেতন নেয়া হবেনা। কিন্তু এখানে এ নিয়ম মানা হচ্ছে না। এখানে নতুন বই পেরিয়ে সময় প্রত্যেক ছাত্রছাত্রীর কাছ থেকে ১০ টাকা কর নিয়ে তারপর বই দেয়া হয়। এছাড়া বিদ্যালয়ে উপস্থিত না থাকলে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ২ টাকা করে নেয়া হয়। এ বিদ্যালয়ের প্রায় সব ছাত্র-ছাত্রীই গরীব ঘরের সন্তান। টাকা দেয়ার মতো সামর্থ্য তাদের নেই। অথচ জেপ কর তাদের কাছ থেকে টাকা আদায় করা হয়। কিন্তু গরীব ঘনীর পক্ষন নয় এই সরকারী বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের কাছ থেকে কোন অসুদৌ টকা আদায় করা হবে? আরো উল্লেখ্য এই বিদ্যালয়ে মোট সাতটি কক্ষের মধ্যে কোনটিতেই কোন ফ্যান নেই। ছাত্র-ছাত্রীরা এই প্রচণ্ড গরমেই ক্লাস

জনমত

বলে যাচ্ছে। কিছদিন আগে শোনা গেল যে ক্লাসরুমগুলোতে ফ্যান লাগানো হবে। এজন্য শিক্ষকরা ছাত্র-ছাত্রীদের বলেন তেল্লুজ ৫০ বা ১০০ যে যত পার কসো থেকে নিয়ে আসবে। সরকারী বিদ্যালয়ের সকল সমস্যা সমাধানের দায়িত্ব একমাত্র সরকারের বলে আমরা মনে করি। কিন্তু এই বিদ্যালয়টির প্রতি মনে হয় সরকারের দৃষ্টি পড়ছে না। এটা দৃষ্টান্তকর সীমান্ত উন্নয়ন কর্তৃপক্ষের কাছে তাই আবেদন জমাচিত্ত বিদ্যালয়টির বাবতীয় সমস্যার সমাধান ও এর শিক্ষা পরিবেশ উন্নয়নের প্রয়োজনীয় পদক্ষেপ যেন জমা নেয়া হয়।
মেঃ শামসুর রহমান ও মামুন
২২/১ কাজী রিয়াজউদ্দীন রোড
পালতা টকা-১২১১।